# আয-যারিয়াত | Adh-Dhariyat | اَلذّٰرِيٰت

আয়াতঃ ৫১ : ৩৯

## আরবি মূল আয়াত:

فَتَوَلّٰی بِرُکۡنِهٖ وَ قَالَ سٰحِرٌ اَوۡ مَجۡنُوۡنٌ ﴿۳۹﴾

## অনুবাদসমূহ:

কিন্তু সে তার দলবলসহ মুখ ফিরিয়ে নিল এবং বলল, ‘এ ব্যক্তি যাদুকর অথবা উম্মাদ।’ — আল-বায়ান

তখন সে তার ক্ষমতার দাপটে মুখ ফিরিয়ে নিল আর বলল- ‘এ লোক একটা যাদুকর না হয় পাগল।’ — তাইসিরুল

তখন সে ক্ষমতা দম্ভে মুখ ফিরিয়ে নিল এবং বললঃ এই ব্যক্তি হয় এক যাদুকর, না হয় উম্মাদ। — মুজিবুর রহমান

But he turned away with his supporters and said," A magician or a madman." — Sahih International

৩৯. তখন সে ক্ষমতার অহংকারে মুখ ফিরিয়ে নিল(১) এবং বলল, এ ব্যক্তি হয় এক জাদুকর, না হয় এক উন্মাদ।

(১) ركن শব্দের অর্থ খুঁটি। আবার নিজ পার্শ্বশক্তির অর্থেও ব্যবহৃত হয়। মুফাসসিরগণ এখানে দুটি অর্থ বর্ণনা করেছেন। এক. সে তার শক্তির অহংকারে মত্ত হয়ে মুখ ফিরিয়ে নিল। দুই. সে তার শক্তিশালী দলবল ও সেনাবাহিনীসহ মুখ ফিরিয়ে নিল। [দেখুন, কুরতুবী]।

তাফসীরে জাকারিয়া

(৩৯) তখন সে ক্ষমতার দম্ভে মুখ ফিরিয়ে নিল[1] এবং বলল, ‘এই ব্যক্তি হয় এক যাদুকর, না হয় এক পাগল।’

[1] শক্তিশালী দিককে ‘রুকন’ বলে। এখানে তার নিজস্ব ক্ষমতা এবং সৈন্যকে বুঝানো হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4714

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন